https://www.printo.it/pediatric-rheumatology/BD/intro

লিম্ব পেইন সিন্ড্রোম

বিবরণ 2016

ইরাইথ্রোমায়েলজিয়া

এটি কি?
একে 'ইরাইথমোয়েলজিয়া' ও বলা হয়। এটি তিনটি গ্রীক শব্দ ইরাইথ্রোস (লাল), মেলোস (প্রত্যঙ্গ) ও এলগোস (ব্যথা) হতে এসেছে। এটি খুবই বিরল, যদিও পারিবারিকভাবে দেখা যায়। সমস্যা অধিকাংশ ক্ষেত্রে ১০ বছর বয়সের সময় শুরু হয়। মেয়েদের ক্ষেত্রে বেশী দেখা যায়।
পায়ে কখনো কখনো হাতে জ্বালা পোড়া, তার সাথে উষ্ণতা, লালচে ভাব ও ফোলা দেখা যায়। আক্রান্ত প্রত্যঙ্গ ঠান্ডাতে রাখলে যন্ত্রনা কমে যায়, গরমে বেড়ে যায়। কাজেই কেউ কেউ বরফ পানি থেকে পা বের করতে চায় না। রোগভোগ কাল যন্ত্রনাদায়ক। গরম এবং অতিরিক্ত ব্যায়াম পরিহার করে রোগ নিয়ন্ত্রন করা যেতে পারে। এন্টি ইনফ্লামেটরী ঔষধ ব্যথানাশক ও ভোসাডায়ালেটের ব্যবহার করে ব্যথা কমানো যেতে পারে। আক্রান্ত শিশুর ক্ষেত্রে উপরের কোনটি সর্বোত্তম, তা সংশ্লিষ্ট চিকিৎসকের মাধ্যমে নির্দেশিত হতে হবে।